দৈনিক ইনকিলাব

তারিখ 06 JAN 2015
পৃষ্ঠা ২৪ কলাম ৬



# ড. মুহাম্মদ আহসান উল্লাহ ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের ভিসি

স্টাফ রিপোর্টার

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ইসলামী স্টাডিজ বিভাগের চেয়ারম্যান, বিশিষ্ট কথা সাহিত্যিক প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহ (আহসান সাইয়েদ) ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ে ভিসি পদে যোগদান করেছেন। ড. আহসান সাইয়েদ (লেখক নাম) প্রথম জীবনে মাদরাসায় শিক্ষকতা করেন। পরবর্তীতে ১৯৮৯ সালে তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে আরবি বিভাগে প্রভাষক পদে যোগদান পৃঃ ১৫ কঃ ৩.

## ড. মুহাম্মদ আহসান উল্লাহ

২৪-এর পৃষ্ঠার পর

করেন। তিনি একজন খ্যাতিমান শিক্ষাবিদ ও সাহিত্যিক। আরবি সাহিত্যের অনুবাদ, হাদিস শাস্ত্রে গবেষণা, উপন্যাস, নাটক ও কবিতা ইত্যাদি বিষয়ে তাঁর বহু গ্রন্থ প্রকাশিত হয়েছে। প্রফেসর ড. আহসান উল্লাহ একজন মুক্ত মনের মানুষ। তাঁর রচিত ও অনুদিত একাধিক নাটক ঢাকা ও চট্টগ্রামের শিল্পকলা একাডেমিতে মঞ্চস্থ হয়েছে। তিনি চট্টগ্রামের সোবহানিয়া আলিয়া মাদরাসা হতে কৃতিত্বের সাথে কামিল পাস করেন এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে আরবি বিভাগ হতে প্রথম শ্রেণীতে দ্বিতীয় স্থান অর্জন করে বি.এ. অনার্স ও এম.এ. পাস করেন। মাদরাসা শিক্ষা সম্পর্কে তাঁর একাধিক গবেষণা গ্রন্থ রয়েছে।

### জমিয়াতুল মোদাররেছীনের অভিনন্দন

সম্প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহকে ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর পদে নিয়োগ দেয়ায় বাংলাদেশ জমিয়াতুল মোদাররেছীনের পক্ষ থেকে সভাপতি আলহাজ্ব এ এম এম বাহাউদ্দীন এবং মহাসচিব আলহাজ মাওলানা অধ্যক্ষ শাব্বীর আহমদ মোমতাজী মহান আল্লাহর শুকরিয়া আদায় করেন। সেই সাথে প্রধানমন্ত্রী শেখ হাসিনা, শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এবং সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে দ্রুত ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ জানান। মাদরাসার উচ্চশিক্ষার সার্বিক মান উন্নয়নে পূর্ণাঙ্গ ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ে নব নিযুক্ত ভিসি'র কর্মদক্ষতা কাজে লাগিয়ে বিশ্ববিদ্যালয়ের কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে এগিয়ে যাবে বলে আশা ব্যক্ত করেন এবং বাংলাদেশ জমিয়াতুল মোদাররেছীন সর্বাত্মক সহযোগিতা অব্যাহত রাখবে বলে।